

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯৫

আগরতলা, ১৬ নভেম্বর, ২০২৩

আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতাল পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতাল পরিদর্শন করেন। তাঁকে হাসপাতালে স্বাগত জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর, এজিএমসি'র প্রিন্সিপাল ডা. অনুপ সাহা, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক, জিবি হাসপাতালের চিফ মেডিক্যাল অফিসার ডা. সঞ্জীব দেববর্মা, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার প্রমুখ। পরিদর্শনের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু জিবিপি হাসপাতালের প্রতিটি বিভাগ ঘুরে দেখেন এবং এই বিভাগগুলিতে যেসমস্ত সুযোগ সুবিধা রয়েছে তা খতিয়ে দেখেন। হাসপাতাল পরিদর্শন করে রাজ্যপাল জানান, এটি অধিক সুবিধা সম্পর্কযুক্ত একটি রেফারেল হাসপাতাল এবং এই হাসপাতালের সুযোগ সুবিধা সবার কাছেই যাওয়া উচিত। তিনি বলেন, বেসরকারি হাসপাতালগুলিও তাদের রোগীদের সরকারি হাসপাতালে রেফার করছে। যদি ছোটখাটো বিষয়গুলির দিকেও নজর দেওয়া হয় তবে সরকারি হাসপাতালগুলির সুনাম বৃদ্ধি পাবে। রাজ্যপাল বলেন, হাসপাতালে এমন একটি সৌহার্দ্রপূর্ণ পরিবেশ গড়ে তোলা উচিত যাতে হাসপাতাল সম্পর্কে কোন ভয় না থাকে। তাছাড়াও রাজ্যপাল আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের সুযোগ সুবিধা সম্পর্কেও খোঁজ খবর নেন।

মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিদর্শনের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এজিএমসি'র কাউন্সিল রুমে স্বাস্থ্য দপ্তরের সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা, এজিএমসি'র প্রিন্সিপাল, কলেজ স্টাফ, জিবি হাসপাতালের চিফ মেডিক্যাল অফিসার, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্টকে নিয়ে বৈঠক করেন। বৈঠকে এজিএমসি'র প্রিন্সিপাল আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের বিভিন্ন সুযোগ সুবিধা, এমবিবি ও পিজি কোর্সের আসন ইত্যাদি সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। রাজ্যপাল সেবামূলক দৃষ্টিভঙ্গী নিয়ে রোগীদের চিকিৎসা করার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সরকারি হাসপাতালগুলিতে যথাযথ চিকিৎসা পরিষেবা দেওয়া হলে লোকজন বেসরকারি হাসপাতালমুখী হবেন না। বৈঠকে এজিএমসি ও জিবি হাসপাতালের চিকিৎসক এবং অন্যান্য কর্মীরা রাজ্যপালকে সম্বর্ধনা জানান।

\*\*\*\*\*